# আন-নাজম | An-Najm | ٱلنَّجْم

আয়াতঃ ৫৩ : ৪২

## আরবি মূল আয়াত:

وَ اَنَّ اِلٰی رَبِّکَ الۡمُنۡتَهٰی ﴿۴۲﴾

## অনুবাদসমূহ:

আর নিশ্চয় তোমার রবের নিকটই হলো শেষ গন্তব্য। — আল-বায়ান

আর এই যে, শেষ গন্তব্য হল তোমার প্রতিপালক পর্যন্ত, — তাইসিরুল

আর এই যে, সব কিছুর সমাপ্তিতো তোমার রবের নিকট। — মুজিবুর রহমান

And that to your Lord is the finality — Sahih International

### ৪২. আর এই যে, সবার শেষ গন্তব্য তো আপনার রবের কাছে(১),

(১) উদ্দেশ্য এই যে, অবশেষে সবাইকে আল্লাহ তা'আলার দিকেই ফিরে যেতে হবে। এবং কর্মের হিসার-নিকাশ দিতে হবে। কোন কোন তফসীরবিদ এই বাক্যের অর্থ এরূপ সাব্যস্ত করেছেন যে, মানুষের চিন্তা-ভাবনার গতিধারা আল্লাহ তা’আলার সত্তায় পৌছে নিঃশেষ হয়ে যায়। তাঁর সত্তা ও গুণাবলির স্বরূপ চিন্তাভাবনার মাধ্যমে অর্জন করা যায় না। [ইবন কাসীর; কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### (৪২) আর এই যে, সবকিছুর সমাপ্তি তো তোমার প্রতিপালকের নিকট।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4826

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন